

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৪০.০৮০.২২-২১৫

তারিখঃ ০৯ কার্তিক ১৪৩০
২৫ অক্টোবর ২০২৩

বিষয়: জন্ম নিবন্ধনে ব্যক্তির নাম কমপক্ষে ২ (দুই) শব্দ বিশিষ্ট হওয়া।

সূত্র: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ০৯/১০/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখ্য, জন্ম নিবন্ধন ব্যক্তির প্রথম ও প্রাথমিক নিবন্ধন। জন্ম নিবন্ধন সনদ ব্যক্তির ও ব্যক্তির পিতা মাতার পরিচয় বহন করে। এ নিবন্ধনের উপর ভিত্তি করে ব্যক্তি জীবনের পরবর্তী সকল নিবন্ধন হয়ে থাকে। কিন্তু এক্ষেত্রে অনেকে অসাবধানবশত করে বা অজ্ঞাতে শুধু ডাক নাম বা এক শব্দ বিশিষ্ট নাম উল্লেখ করে জন্ম নিবন্ধন করে যেমন: সখিনা, রশিদ। এরকম নিবন্ধন দ্বারা পাসপোর্ট তৈরিসহ অনেকে ক্ষেত্রে বিদেশে বিভিন্ন সেবা গ্রহণে সমস্যার সৃষ্টি হয়। এর নিরসনকল্পে ব্যক্তির নাম ন্যূনতম দুই শব্দ বিশিষ্ট হওয়া দরকার। নাম দুই শব্দ বিশিষ্ট যেমন, সখিনা বেগম বা সখিনা খাতুন, আব্দুর রশিদ বা মো: আব্দুর রশিদ সরকার এভাবে লিখতে হবে। ইহার অনুসরণ বা কার্যকরে তাঁর নিয়ন্ত্রনাধীন সকল নিবন্ধন অফিস-কে নির্দেশনা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

R/ ২৫/১০/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০২. পরিচালক, কনসুলার এবং এমআরপি, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক (সকল)।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৫. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।